

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৭১

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৪

৯- ১০ নভেম্বর পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব আগামী ৯ ও ১০ নভেম্বর বামুটিয়া  
রাঙ্কের বৈদ্যনাথ স্মৃতি কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ পশ্চিম ত্রিপুরা  
জিলা পরিষদের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা  
পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। সভায় জানানো হয়, জেলাভিত্তিক যুব উৎসবে  
বিজ্ঞান মডেল প্রদর্শনী, দলগত লোকনৃত্য, একক লোকনৃত্য, দলগত লোকগান, একক  
লোকগান, কবিতা লিখন, গল্প লিখন, চিত্রাঙ্কন, আকস্মিক বক্তৃতা বিষয়ে প্রতিযোগিতা  
অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিশ্বজিৎ শীল,  
জেলার বিভিন্ন রাঙ্কের চেয়ারম্যান, পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক মেঘা  
জৈন, বিভিন্ন রাঙ্কের বিডিও এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*